

টিপু সুলতান গুল নামে একটি চারুকর্ম নাঈম উদ্দিন এর নামে ট্রেড মার্ক অধিদপ্তর কর্তৃক রেজিস্ট্রেশন করা হয় যার রেজিস্ট্রেশন নং- ৪১৪৯০. উক্ত চারুকর্মের স্বাধিকারি গত ১০/০৪/২০০৯খ্রিঃ তারিখে মৃত্যুবরণ করেছেন।

গত ২৫/০৪/২০১৮খ্রিঃ তারিখে মরহুম নাঈম উদ্দিনের জ্যেষ্ঠ পুত্র উক্ত চারুকর্মটি কপিরাইট আইন অনুযায়ী রেজিস্ট্রেশনের জন্য আবেদন করেছেন। অন্যদিকে ২২/০৪/২০১৮খ্রিঃ তারিখে মরহুম নাঈম উদ্দিনের কনিষ্ঠ পুত্র কপিরাইট রেজিস্ট্রেশনের জন্য আবেদন দাখিল করেছেন। দুজনের আবেদন পরীক্ষা করে দেখা যায় ১১নং কলামে দুজনই মন্তব্য করেছেন যে “আমি নিজে ছাড়া অন্য কোন অংশীদার নেই”। এ মন্তব্যটি সঠিক বলে বিবেচিত হয় না। যেহেতু এ চারুকর্মটি পণ্যের ট্রেডমার্ক হিসেবে বাজারজাত সম্পর্কিত সেকারগে উক্ত চারুকর্মটির কপিরাইট রেজিস্ট্রেশনের কোন আবশ্যিকতা নেই। উল্লেখ্য যে, কপিরাইট অফিস থেকে কোন নামের সুরক্ষা দেয়া হয় না। কেবল কোন লোগো কিংবা লেবেলে কোন নান্দনিক বিষয়ের প্রকাশ থাকলে এর শিল্পগুণ থাকুক বা না থাকুক কপিরাইট আইন অনুযায়ী উক্ত কর্মের কপিরাইট রেজিস্ট্রেশন করার বিধান রয়েছে।

এ পরিস্থিতিতে আবেদনকারীদ্বয়কে উত্তরাধিকার সনদপত্র অনুযায়ী প্রত্যেক উত্তরাধিকারীর সম্মতির ভিত্তিতে ট্রেডমার্ক অধিদপ্তর থেকে রেজিস্ট্রেশন করা যুক্তিসঙ্গত বলে প্রতীয়মান হয়। তবে এ চারুকর্মের অভিযোজন করে উল্লেখযোগ্য পরিমাণ পরিবর্তনক্রমে সংশোধিত চারুকর্ম জমা প্রদান করা হলে বিষয়টি পুনঃবিবেচনা করা হবে। আপাততঃ এ দুটি আবেদনের কপিরাইট রেজিস্ট্রেশন স্বগিত থাকবে।